দৈনিক খবর

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 07 JUL 1999
পৃষ্ঠা ... কলাম ...

২৫

# কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অনিয়ম

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৬ই জুলাই (সংবাদদাতা)।– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। সম্প্রতি কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের কৃষি শক্তি ও যন্ত্র বিভাগে শিক্ষক নিয়োগে প্রচলিত নিয়ম ভঙ্গ করে এক জন লেকচারার নিয়োগ করা হয়েছে।

উল্লেখ্য যে, পত্রিকা কিংবা অন্য কোন মাধ্যমে পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই উক্ত বিভাগে তাকে নিয়োগ করা হয়। জানা গেছে যে বিভাগ থেকে সরাসরি নিয়োগকৃত শিক্ষকের নাম উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পেশ করা হয় এবং কর্তৃপক্ষ কোন রকম মৌখিক পরীক্ষা ছাড়াই তাঁকে লেকচারার নিয়োগ করে। জানা গেছে, নিয়োগকৃত লেকচারার কৃষি বিশ্ববিদ্যালয়ের পাস করা কোন গ্র্যাজুয়েটও নয়। বিভাগীয় একটি সূত্র জানায়, নিয়োগপ্রাপ্ত লেকচারারকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হয়।

কৃষি বিশ্বদ্যািলয়ের প্রচলিত নিয়ম অনুসারে অস্থায়ী ভিত্তিতেও কোন পদে লোক নিয়োগ করা হলে বিজ্ঞপ্তি ও প্রয়োজনীয় পরীক্ষা গ্রহণের বিধান রয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, নিয়োগপ্রাপ্ত লেকচারার জনৈক প্রভাবশালী শিক্ষকের ছেলে যিনি শুধুমাত্র অনার্সে প্রথমে শ্রেণীতে উত্তীর্ণ হয়। অথচ উক্ত বিভাগে প্রথম শ্রেণীতে প্রথম স্থানকারীকে না নিয়ে অনিয়মতান্ত্রিকভাবে শিক্ষক নিয়োগ ছাত্রছাত্রীদের মাঝে ক্ষোভের সঞ্চার করে।

কৃষি বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন থেকে শিক্ষক নিয়োগে অনিয়ম চলে আসছে। অনেক সময় দেখা যায় যারা প্রথম শ্রেণীতে প্রথম স্থান অর্জন করে তাদেরকে বাদ দিয়ে অপেক্ষাকৃত খারাপ ছাত্রকে লেকচারার হিসেবে নিয়োগ করা হচ্ছে। অনেক সময় শিক্ষকদের আত্মীয় স্বজনের প্রাধান্য থাকে।